গাংনীতে তালাক দিতে চাওয়ায় ৫ম স্ত্রীকে খুন করলেন স্বামী

পরপর চারটি স্ত্রী স্বামী বিদ্যুতকে তালাক দিয়ে চলে গেছে। মাত্র এক মাস আগে সাবিনা খাতুন (৩২) কে বিয়ে করে ঘরে এনেছিলেন বিদ্যুৎ। পঞ্চম স্ত্রী সাবিনা খাতুনও এবার তাকে তালাক দিতে চেয়েছিলেন। এবার সেটা হতে দেইনি পাষন্ড স্বামী বিদ্যুৎ। ছেড়ে যাওয়ার আগেই তাকে এই পৃথিবী ছাড়িয়ে দিলো। ঘুমন্ত অবস্থায় সাবিনাকে মাথা থেতলিয়ে হত্যা করে পালিয়ে যায় বিদ্যুৎ।

মেহেরপুরের গাংনী উপজেলার কুঞ্জনগর গ্রামের হুদাপাড়া এলাকায় মঙ্গলবার দিবাগত রাতের কোনো এক সময় এই নির্মম হত্যাকান্ডের ঘটনাটি ঘটেছে।

খবর পেয়ে আজ বুধবার (২৬ অক্টোবর) সকাল ৯ টার সময় গাংনী থানা পুলিশ নিহতের মরদেহ উদ্ধার করে সুরোতহাল তৈরি করে ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, ধারনা করা হচ্ছে সাবিনা খাতুনকে ঘুমন্ত অবস্থায় ভারী কোনো বস্তু দিয়ে মাথা থেতলিয়ে হত্যা করে পালিয়ে যায়।
খবর পেয়ে তার নিজ ঘর থেকে নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

প্রতিবেশীরা জানান, চার বছরের মধ্যে বিদ্যুৎ হোসেন ৫ টি বিয়ে করেন। তার প্রথম স্ত্রী পার্শ্ববর্তি কৃুষ্টিয়ার মিরপুর উপজেলার রাজনগর গ্রামের আখি খাতুন বিয়ের মাত্র ৬ দিনের মাথায় তালাক দিয়ে চলে যায়। দ্বিতীয় স্ত্রী গাংনী উপজেলার ইসমত আরা বিয়ের এক মাসের মধ্যে তালাক দিয়ে চলে যায়। তৃতীয় স্ত্রী চুয়াডার আলমডাঙ্গার জান্নাতুল নেছা বিয়ের মাত্র ১৫ দিনের মাথায় তালাক দিয়ে চলে যায়। চতুর্থ স্ত্রী পার্শ্ববর্তি সহড়াবাড়িয়া গ্রামের আব্দুল ওহাবের মেয়ে কবিতা খাতুন বিয়ের মাত্র ৬ দিনের মাথায় তাকে ছেড়ে চলে যায়। এসব বিয়ের কথা গোপন রেখে পঞ্চমবারের মত বিয়ে করে কুমারীডাঙ্গা গ্রামের সাত্তার আলীর মেয়ে সাবিনা খাতুনকে।

নিহত সাবিনা খাতুনের মা নিসারন নেছা বলেন, তিনদিন আমার বাড়িতে মেয়ে জামাই থেকে গতকালকেই এসেছে। এসেই হত্যা করলো। তিনি বলেন

আমার মেয়েকে বিয়ের আগে বলেছিলো বিদ্যুতের একটা বিয়ে হয়েছিলো। সেই বউ বেরিয়ে গেছে এজন্য আমরা তার সাথে বিয়ে দিয়েছি। তার শারীরিক সমস্যা ছিলো। তারপরেও আমার মেয়ে বলেছিলো স্বামীকে চিকিৎসা করাতে হবে। আজকে আমার মেয়েকেই হারিয়ে ফেললাম।

গাংনীতে চেকের মামলায় সাজাপ্রাপ্ত আসামি মঞ্জুয়ারা গ্রেফতার

চেকের মামলায় আদালত কর্তৃক ১ বছরের সাজাপ্রাপ্ত আসামি মঞ্জুয়ারা খাতুন (৬০) কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ মঙ্গলবার (২৫ অক্টোবর) বিকালে গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) মাসুদ সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে মঞ্জুয়ারাকে গ্রেফতার করেন। গ্রেফতাকৃত মঞ্জুয়ারা খাতুন গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামের গোলাম সরোয়ারের স্ত্রী।

মঞ্জুয়ারার বিরুদ্ধে এসসি ৭৩০/২২ নং মামলায় যশোর জজকোর্টের অতিরিক্ত জেলা ও দায়রা জজ তাকে এক বছরের সাজা অনাদায়ে ৪ বছরের কারাদন্ড দিয়েছেন। পরে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা দিলে গাংনী থানা পুলিশ তাকে তার বাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করেন।

আজ বিকালে মঞ্জুয়ারা খাতুনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে।

এদিকে শঞ্জুয়ারা খাতুনের ছেলে মাসুম জানান, ২০১৮ সালে আমার মা যশোরের এনজিও আরআরএফের কাছ থেকে দেড় লাখ টাকা ঋণ নেন। সে সময় আরআরএফ এর মাঠ কর্মী আসিফকে দেড় লাখ ঋণের বিপরীতে তিনটি চেক প্রদান করা হয়। ঋণ পরিশোধ হওয়ার পর সে দুই টা চেক ফেরত দেন। একটা চেক নিয়ে চলে যান। সেই চেক দিয়ে বাদী আসিফ নিজের পরিচয় গোপন করে আমার মায়ের নামে আদম ব্যবসায়ী হিসেবে মামলা দিয়েছেন। আমরা এই বিষয়টি নিয়ে আদালতে যাবো।

গাংনীতে বিশ্ব হাতধোয়া দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাতধোয়া দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা করেছে উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ চত্ত্বর থেকে র্যালীটি বের হয়ে সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথী ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথী ছিলেন গাংনী প্রেসক্লাব সম্পাদক মাহাবুব আলম, গাংনী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু ও ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলী মাহফুজুর রহমান।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় পুলিশ ও স্কুল শিক্ষক আহত

পুলিশ ও শিক্ষকের মধ্যে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুজনেই আহত হয়েছেন।

আহতরা হলেন, গাংনী উপজেলার আকুবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ হোসেন (৫০) ও মেহেরপুর পুলিশ লাইনে কনস্টেবল সুজন হোসেন (৩৮)।

আজ মঙ্গলবার (২৫ অক্টোবর) সকাল ১০ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার তেরাইল বাজারের উপর এই দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান, স্কুল শিক্ষক পারভেজ হোসেন গাংনী থেকে আকুবপুরে যাচ্ছিলেন। এছাড়া পুলিশ সদস্য সুজন বামন্দী থেকে মেহেরপুরের দিকে যাচ্ছিলেন। রাস্তা ভাঙ্গা হওয়ায় দুজনেই রাস্তার এক সাইডে চলে আসায় মুখোমুখি সংঘর্ষ হয়। এতে দুজনেই রাস্তার উপর ছিটকে পড়ে আহত হন।

আহত প্রধান শিক্ষক পারভেজ হোসেনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। দুজনেরই মোটরসাইকেল ক্ষতিগ্রস্থ হয়েছে।

গাংনীতে জাতীয় পার্টির উপজেলা দিবস পালিত

মেহেরপুর গাংনীতে উপজেলা দিবস পালন উপলক্ষে জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার দুপুরে গাংনী উপজেলা জাতীয় পার্টির অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার জাতীয় পার্টির সভপতি বাবলু হোসেনের সভাপতিত্বে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি কেতাব আলী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা জাতীয় পার্টির দপ্তর সম্পাদক সেলিম রেজা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজলা জাতীয় পার্টির যুগ্ম-সাধারণ সম্পাদক এজাজ উদ্দীন,সাংগঠনিক সম্পাদক রুহুল আমিন,মটমুড়া ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি আব্দুর সালাম,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন,কাজিপুর ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি এমদাদ আলী,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন প্রমূখ।

এসময় বিভিন্ন গ্রাম থেকে আগত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি প্রয়াত

হুসেইন মুহম্মদ এরশাদ ১৯৮৪ সালের ২৩ অক্টোবর মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করেন।

গাংনীর হাড়িয়াদহ গ্রামে মৌমাছির কামড়ে কৃষক আহত

মাঠে ঘাস কাটতে গিয়ে মৌমাছির কামড়ে কৃষক আব্দুর রশীদ (৪৮) আহত হয়েছেন। আহত রশীদ হাড়িয়াদহ গ্রামের মৃত খেদের আলীর ছেলে।

গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে আজ শনিবার (২২ অক্টোবর) দুপুরে হাড়িয়াদহ গ্রামের কইকুড়ির মাঠ নামক স্থানে ঘাস কাটার সময় মৌমাছির আক্রমনের শিকার হন তিনি।

স্থানীয়রা জানান, রশীদ পুকুরপাড়ের ঝোপের পাশে ঘাস কাটছিলেন। এসময় একটি মৌচাকে তার শরীর স্পর্শ করলে মৌমাছির কামড়াতে শুরু করেন।

আহতাবস্থায় তাকে মাঠের কৃষকরা উদ্ধার করে গাংনী উপজেলা স্বান্থ্য কমপ্লেক্সে নেয়। তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে যুবক নিহত

গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামে পুকুরে পানি দিতে গিয়ে মটারের তারের সাথে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ভাষান আলী (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন।

ভাষান আলী ধর্মচাকী গ্রামের উত্তরপাড়া এলাকার নজীম উদ্দীনের ছেলে।

আজ শনিবার সন্ধ্যা ৭ টার সময় নিজ বাড়ির পাশে মটারের লিক তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হন। তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

নিহতের ভাই সাইদুল ইসলাম জানান, নিজেদের পুকুরে পানি দেওয়ার জন্য সে মটারের লাইন দিতে যায়। বিদ্যুতের লাইন লিক থাকায় বিদ্যুৎস্পৃষ্ট হন তিনি। তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিলে মারা যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীর ধানখোলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মশিউর রহমানের ইন্তেকাল

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জামাত নেতা মশিউর রহমান সাবান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১০ টার দিকে ঢাকা সাভারের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ: নিশ্বাস ত্যাগ করেন। এর আগে তিনি হৃদরোগে আক্রান্ত হলে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। তিনি স্ত্রী, এক পুত্র ও দুই কন্যাসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন। তিনি দীর্ঘদিন সাভারে পরিবার নিয়ে বসবাস করতেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, শুক্রবার তার মরদেহ নিজ বাড়ি গাংনী উপজেলার শানঘাটে নিয়ে আসা হবে। বাদ জুম্মা জানাযা শেষে গ্রাম্য কবরস্থানে দাফন করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]